গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
চীফ ইনোভেশন অফিসারের দপ্তর

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

...

| | |
|---|---|
| সভাপতি | মফিজ উদ্দীন আহমেদ<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ০১ ডিসেম্বর, ২০২১; বুধবার। |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থান | সভাকক্ষ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ। |
| উপস্থিতি | পরিশিষ্ট (ক) |

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং যথাসময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানানো হয়। সভায় উপস্থিতির তালিকা (পরিশিষ্ট-ক)-তে দেয়া হলো।

০২। **সভার আলোচনাঃ**

ইনোভেশন টিমের সদস্য সচিব ও যুগ্মসচিব ড. নাহিদ হোসেন কর্তৃক আলোচ্যসূচীর প্রতিটি বিষয় ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ ৩০.১২.২০২১ তারিখের মধ্যে একটি সেবা ডিজিটাইজেশন, ২৫.০২.২০২২ তারিখের মধ্যে একটি সেবা সহজিকরণ এবং ১৬.০৩.২০২২ তারিখের মধ্যে একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। আলোচ্য সূচকসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। সে লক্ষ্যে গত ০৭.০৯.২০২১ তারিখে এ বিভাগের সকল শাখা/অধিশাখা হতে নতুন ধারণা আহবান করা হয়। সভায় প্রাপ্ত ধারণাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং Leave Management শীর্ষক ধারণাটি বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে, ৩(তিন)টি সফ্টওয়ার নির্মাতা প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত Leave Management সফ্টওয়ার প্রদর্শন ও পুঙ্খানুপঙ্খ পর্যালোচনা করা হয় এবং M360ICT কর্তৃক প্রস্তুতকৃত Leave Management সফ্টওয়ারটি ক্রয়ের জন্য সুপারিশ প্রদানের বিষয়ে আলোচনা হয়। আগামী ৩০.১২.২০২১ তারিখের মধ্যে সেবা ডিজিটাইজেশন বাস্তবায়নের নির্দেশনা থাকায় ২০.১২.২০২১ তারিখের মধ্যে এ বিভাগের ওয়েবসাইটে ই-সেবার মেনুর অধীনে Leave Management সফ্টওয়ারটি সংযোজনের বিষয়ে আলোচনা হয়।উল্লেখ, Application server এবং Back up server বাংলাদেশ ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর কারিগরি ও প্রযুক্তিগত সহায়তার মাধ্যমে রক্ষণাবেক্ষণ করা যায়। এছাড়া, এ বিভাগের ওয়েবসাইটে Leave Management এর অনুকূলে একটি sub domain লিংক প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি বিভাগে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।

০৩। সদস্য-সচিব সভাকে অবহিত করে যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ ২৫.০২.২০২২ তারিখের মধ্যে একটি সেবা সহজিকরণ এবং ১৬.০৩.২০২২ তারিখের মধ্যে একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে, নতুন একটি সেবা সহজিকরণ এবং একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। সেবা সহজিকরণের জন্য অনলাইন ফিন্যান্সিয়াল রিপোর্টিং সিস্টেম, এনপিএল ম্যানেজমেন্ট ইত্যাদি ধারণা নিয়ে আলোচনা করা হয় এবং পরিশেষে ডিপোজিট অথবা লোন যে কোন একটি ফ্যাক্টর নিয়ে ফিন্যান্সিয়াল রিপোর্টিং সিস্টেম বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয়।

০৪। **অতঃপর বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নে উল্লেখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

(ক) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর নির্দেশনার আলোকে Leave Management শীর্ষক ধারণাটি বাস্তবায়নের নিমিত্ত সফটওয়ার ক্রয়ের জন্য কোটেশন আহবানসহ এ সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্নের জন্য দরপত্র মূল্যায়ন কমিটিকে সুপারিশ প্রেরণ।

(খ) আগামী ২০.১২.২০২১ তারিখের মধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ওয়েবসাইটে ই-সেবার মেনুর অধীনে Leave Management এর অনুকূলে একটি sub domain লিংক প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি বিভাগে পত্র প্রেরণ।

(গ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর [১.১.১] এবং [১.২.১] সূচকের নির্দেশনা বাস্তবায়নের জন্য নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

০৫। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মফিজ উদ্দীন আহমেদ
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৪২০.২১.০০২.২১.১৭

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৮
১২ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, কেন্দ্রীয় ব্যাংক শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
২) যুগ্মসচিব, প্রশাসন, শৃঙ্খলা ও সমন্বয় অনুবিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
৩) উপসচিব, বাজেট শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
৪) উপসচিব, কেন্দ্রীয় ব্যাংক শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
৫) উপসচিব, প্রশাসন ও কল্যাণ শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
৬) উপসচিব, গ্রহণ, বিতরণ ও সেবা শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
৭) উপসচিব, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯) সিনিয়র প্রিন্সিপাল অফিসার, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোদসহ)।

১০) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন, শৃঙ্খলা ও সমন্বয় অনুবিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ( অতিরিক্ত সচিব [প্রশাসন] -এর সদয় অবগতির জন্য)।

১১) নির্বাহী প্রেসিডেন্ট এর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী প্রেসিডেন্ট এর দপ্তর, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)

ডঃ নাহিদ হোসেন
যুগ্মসচিব ও সদস্য-সচিব